দৈনিক ইত্তেফাক

তারিখ ... 09 JUL 1998

পৃষ্ঠা ১৯ কলাম ৩

প্রশিক্ষণ

# গ্রামের গণশিক্ষা

বিজ্ঞান গণশিক্ষা কেন্দ্র (সিএসইএস) প্রতিষ্ঠালগ্ন থেকে গ্রামের মানুষকে বিজ্ঞান ও প্রযুক্তি জ্ঞানসহ জীবনমুখী শিক্ষায় শিক্ষিত করে তোলার চেষ্টা করে আসছে। বিভিন্ন আয়মূলক বিষয়ের ওপর শর্ট কোর্সগুলোর প্রশিক্ষণ এই প্রতিষ্ঠানের নতুন ও ব্যতিক্রমী উদ্যোগ। এতে করে গ্রামের বৃহত্তর তরুণ সমাজ নিজেদের শিক্ষাকে আরো অর্থবহ করতে এবং আত্মকর্ম সংস্থান করতে স্থানীয়ভাবে বিজ্ঞান-গণশিক্ষা কেন্দ্রের সুযোগ-সুবিধাগুলো কাজে লাগাতে সক্ষম হবে।

শর্ট কোর্স প্রশিক্ষণের মধ্যে রয়েছে সেলাই, টাইপরাইটিং, ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং, ইঞ্জিন মেরামত, ওয়েল্ডিং, রেডিও, টিভি ও ক্যাসেট প্লেয়ার মেরামত, রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং, নির্মাণ (রাজমিস্ত্রির কাজ), কার্পেন্ট্রি (কাঠ মিস্ত্রির কাজ) ইত্যাদি বিষয়ে শর্ট কোর্স প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

গ্রামের বেকার তরুণ-তরুণীরা এই শর্ট কোর্স প্রশিক্ষণ থেকে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান নিয়ে কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারবে। এই প্রশিক্ষণ নিয়ে সত্যিকার কর্মক্ষেত্রে আয়মূলক কাজে সরাসরি কর্মসংস্থানের উদ্যোগ নিতে পারাই প্রশিক্ষণের মূল লক্ষ্য।

প্রশিক্ষণে অংশগ্রহণের নিয়মাবলী ঃ ❋ বছরের বিভিন্ন সময় ছাত্র/ছাত্রী ভর্তি করা হয়। ❋ সর্বনিম্ন পাঁচজন ছাত্র/ছাত্রী নিয়ে কোর্স চালু করা হয়। ❋ প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে। ❋ প্রার্থীকে সাধারণ শিক্ষা, আগ্রহ ইত্যাদির গ্রহণযোগ্যতা পরীক্ষা করে ভর্তি করা হয়। ❋ প্রতিদিন নির্দিষ্ট প্রযুক্তির তাত্ত্বিক বিষয়ে যে রকম শিক্ষা দান করা হবে তেমনি হাতে-কলমে প্রচুর কাজ করারও সুযোগ থাকবে। সবগুলো কোর্সই ৩ মাসের শুধু টাইপরাইটিং ৬ দিন। সপ্তাহে ৬ দিন ক্লাস। প্রতিদিন ৩ ঘন্টা করে ক্লাস। ভর্তি ফি একশ' টাকা শুধু টাইপরাইটিং ৫০ টাকা।

শর্ট কোর্সগুলোর প্রশিক্ষণে ভর্তিচ্ছুক শিক্ষার্থীরা দেশের বিভিন্নস্থানে গ্রামীণ প্রযুক্তি কেন্দ্রের নিম্নের ঠিকানায় যোগাযোগ করতে পারেনঃ ১। সুরুজ টাঙ্গাইল সদর। ২। গড় গোবিন্দপুর, সখিপুর, টাঙ্গাইল। ৩। কায়েত পাড়া, বরমী, শ্রীপুর, গাজীপুর। ৪। সাতবাড়িয়া, চন্দনাইশ, চট্টগ্রাম ৫। দেউতি, পীরগাছা, রংপুর ৬। রাণীর বন্দর, চিরির বন্দর, দিনাজপুর ৭। ভাটপাড়া, চারঘাট, রাজশাহী ৮। এলাইপুর,নাচল, চাঁপাইনবাবগঞ্জ ৯। আলীনগর, গোমস্তপুর, চাঁপাইনবাবগঞ্জ ১০। দামকুড়া, পবা, রাজশাহী ১১। কুড়িপাড়া, গান্ধাইল, সিরাজগঞ্জ ১২। ঘাসেরহাট, পটুয়াখালী ১৩। হাতেমপুর, নিজলাটিমারা, পাথরঘাটা, বরগুনা ১৪। আমুয়া, কাঁঠালিয়া, ঝালকাঠি ১৫। ঘটখালী, আমতলী, বরগুনা ১৬। নয়াদিয়াড়ী, চাঁপাইনবাবগঞ্জ ১৭। গোবরাতলা, চাঁপাইনবাবগঞ্জ।

❑ ফরহাদ আহাম্মেদ, কৃষি বিশ্ববিদ্যালয়, সংবাদদাতা।